# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রতিরক্ষা মন্ত্রণালয়
## শের-ই-বাংলা নগর, ঢাকা

২৩.০০.০০০০.০৭০.১১.০৩১.২৫.২৬৯ তারিখঃ ২৪ কার্তিক ১৪৩২/০৯ নভেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি
### (বেসামরিক পদ)

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ বিমান বাহিনীর সাংগঠনিক কাঠামোর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ১০ম গ্রেডের বেসামরিক শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে https://joinairforce-civ.baf.mil.bd ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না:

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>Sub-Assistant Engineer (Mechanical)<br>১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ০৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, এরোস্পেস, এভিয়নিক্স, সিএসই বা টেলিকমিউনিকেশন বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি;<br>তবে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ এবং ডিপ্লোমা ডিগ্রিতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে; এবং<br>(খ) ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, আইটি, যোগাযোগ, যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ, গবেষণা ও উন্নয়ন ইত্যাদি কাজে অনূন ০১(এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ২। | আর্মড ফোর্সেস নার্সিং সিস্টার (লোকাল)<br>Armed Forces Nursing Sister (Local)<br>১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ০৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অনূন ০৪ (চার) বৎসর মেয়াদি নার্সিং-এ ডিপ্লোমা কোর্স উত্তীর্ণ। |
| ৩। | নকশাকার গ্রেড-২ (ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাধারী)<br>Draftsman Grade-II (With Diploma)<br>১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | ০৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ২য় শ্রেণি বা বিভাগ অথবা সমমানের সিজিপিএসহ সিভিল, মেকানিক্যাল বা কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। প্রার্থীর বয়স ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখে সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৪নং কলামে বর্ণনা অনুযায়ী হতে হবে; বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে তা অনুসরণ করা হবে।

৪। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। **প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:**

ক। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

খ। পূরণকৃত Application Form সহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ১ (এক) সেট ফটোকপি এবং ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

গ। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/পৌর চেয়ারম্যান/মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঘ। আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রসহ অন্যান্য কাগজপত্র।

ঙ। আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

চ। আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী বা তৃতীয় লিঙ্গ হলে সমাজসেবা অধিদপ্তর/মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ছ। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

জ। বৈধ জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ১ (এক) কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল করা হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি:

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী https://joinairforce-civ.baf.mil.bd এই ওয়েবসাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১ নভেম্বর ২০২৫ তারিখ সকাল ০৯০০ ঘটিকা:

(২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৪ ডিসেম্বর ২০২৫ বিকাল ০৫:০০ ঘটিকা:

(৩) উক্ত সময়সীমার মধ্যে আগ্রহী প্রার্থীগণ যথাযথ ফি Online-এ প্রদানের পর রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে Application ID এবং Password পাবেন। উক্ত Application ID এবং Password এর মাধ্যমে আবেদনপত্র পূরণ করে চূড়ান্তভাবে নিরীক্ষণের পর সকল তথ্যের সঠিকতা/নির্ভুলতা সম্পর্কে নিশ্চিত হলে অনলাইনে Submit অথবা জমাদান করবেন। আবেদনপত্রটি জমাদানের পর পরবর্তী সময়ে Application ID এবং Password এর মাধ্যমে Login করে আবেদনপত্র বা Application Form এবং প্রবেশপত্র বা Admit Card (মৌখিক/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্র) এর পিডিএফ কপি ডাউনলোড করা যাবে। Admit Card অথবা প্রবেশপত্রটি আবেদনপত্র গ্রহণের নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার পর প্রার্থীর মোবাইলে এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে Admit Card ডাউনলোডের বিষয়ে অবহিত করা হবে। আবেদনকারীগণের Admit Card-এ প্রতিটি ট্রেডের জন্য আলাদা Roll No উল্লেখ করা থাকবে, যা লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় পরীক্ষাকেন্দ্র/কক্ষ নির্ধারণের জন্য ব্যবহৃত হবে। Roll No দিয়ে পরীক্ষার জন্য নির্ধারিত কক্ষ খুঁজে পেতে এই রোল নম্বরটির সাথে সাথে ট্রেডের নাম উল্লেখ করে সহায়তা পাওয়া যাবে।

(৪) আবেদনপত্রটি পূরণ করার সময় প্রার্থীদের সতর্কতার সাথে নির্ভুলভাবে আবেদনপত্রের সকল তথ্য পূরণ করতে হবে। প্রদানকৃত তথ্য পরবর্তীতে কোনো ভাবেই পরিবর্তন করা যাবে না।

খ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন এবং এক্ষেত্রে আবেদনপত্রটি জমাদানের পূর্বে তার সঠিকতা যাচাইয়ের জন্য Preview The Application অপশনটি ব্যবহার করতে পারেন।

গ। সরাসরি https://joinairforce-civ.baf.mil.bd ওয়েবসাইটে Apply Online-এ ক্লিক করে সকল প্রয়োজনীয় তথ্য পূরণ করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করতে ফি বাবদ সকল পদের জন্য ২০০/-(দুইশত) টাকা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, অনলাইনে নির্ধারিত ফি প্রদানের সময় মোবাইল ব্যাংকিং/ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড সহ অন্যান্য মাধ্যমের জন্য প্রযোজ্য সার্ভিস চার্জ আবেদনকারীকে বহন করতে হবে; (উদাহরণ স্বরূপ কোনো পদের জন্য নির্ধারত ফি ২০০ টাকা হলে বিকাশের মাধ্যমে নির্ধারিত ফি প্রদানের ক্ষেত্রে সার্ভিস চার্জ সহ ২০৫.১২ টাকা এবং অনগ্রসর নাগরিকদের জন্য সার্ভিস চার্জসহ ৫১.২৮ টাকা প্রদান করতে হবে। তবে অন্য কার্ড বা মাধ্যমের ক্ষেত্রে সার্ভিস চার্জ ভিন্ন হতে পারে)। উল্লিখিত টাকা পরিশোধ করা হলে রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত Application ID এবং Password এর মাধ্যমে Login করে প্রদানকৃত তথ্যগুলোই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

ঙ। SMS-এ প্রেরিত Application ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র বা Admit Card প্রার্থীগণ Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

চ। Admit Card বা প্রবেশপত্রটি প্রার্থীগণ সকল পরীক্ষার ক্ষেত্রে ব্যবহার করবেন (প্রযোজ্য ক্ষেত্রে)। উদাহরণ স্বরূপ কোনো প্রার্থী যদি প্রথমে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হন, তাহলে পরবর্তীতে মৌখিক কিংবা ব্যবহারিক পরীক্ষার সময়ও তা সাথে আনতে হবে। এক্ষেত্রে প্রার্থীদের তালিকা ওয়েবসাইটে এবং এসএমএসের মাধ্যমে (শুধুমাত্র যোগ্য/উত্তীর্ণ/নির্বাচিত প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ। কোনো প্রার্থী Application ID এবং Password ভুলে গেলে বা হারিয়ে ফেললে তা Reset Password অপশনের মাধ্যমে পুনরুদ্ধার করতে পারেন। কোনো প্রার্থী Application ID এবং Password তার রেজিষ্ট্রিকৃত মোবাইল নম্বরে এসএমএসের মাধ্যমে না পেয়ে থাকলে তা আবেদনের সময় হতে ৪৮ ঘন্টা অথবা দুই কর্মদিবসের মধ্যে helpdesk_civ@baf.mil.bd এ ইমেইল করে জানাতে হবে। এ সময় রেজিষ্ট্রিকৃত ইমেইল এড্রেসে প্রাপ্ত টাকা জমাদানের রশিদ বা Payment Invoice এর পিডিএফ কপি প্রমাণস্বরূপ সংযুক্ত করতে হবে।

জ। মোবাইল নম্বর ও ইমেইল এর ক্ষেত্রে অবশ্যই নিজের মোবাইল নম্বর ও ইমেইল প্রদান করতে হবে। যদি কোনো প্রার্থী নির্ধারিত কোটার জন্য যোগ্য না হয়েও সেই কোটা নির্বাচন করেন, তাহলে মিথ্যা তথ্য প্রদানের জন্য আবেদনপত্রটি সরাসরি বাতিল করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করা হতে পারে। এ কারণে সকল তথ্য প্রদানের সময় সতর্কতা অবলম্বন করতে হবে এবং কেবল নিশ্চিত হয়েই সকল তথ্য প্রদান করতে হবে।

৯। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে 01769990890 নম্বরে কল করে সকাল ০৯০০ ঘটিকা হতে রাত ২০০০ ঘটিকা (সরকারি ছুটির দিনসমূহ ব্যতীত) অথবা helpdesk_civ@baf.mil.bd এ সহযোগিতা পাওয়া যাবে; তবে আবেদনের জন্য নির্ধারিত সময়সীমার পরে কোন প্রকার অভিযোগ/সমস্যা গ্রহণযোগ্য হবে না।

১০। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mod.gov.bd), বাংলাদেশ বিমান বাহিনীর ওয়েবসাইট (www.baf.mil.bd) এবং অনলাইনে আবেদন করার পোর্টাল (https://joinairforce-civ.baf.mil.bd) এ নিয়োগ বিজ্ঞপ্তি পাওয়া যাবে এবং নিয়োগের ফলাফলসহ যাবতীয় তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করা হবে।

১১। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় ও স্থানই চূড়ান্ত বলে বিবেচিত হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় পরিবর্তনের কোনো অনুরোধ গ্রহণযোগ্য হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আই এস পি আর/বিমান/৮৮
16"x4
GD-2366

সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

